Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-810
বিষয়: বিনামূল্যে এবং হ্রাসকৃত মূল্যে খাবার লাভের যোগ্যতা
শ্রেণি: শিক্ষার্থীবৃন্দ
ইস্যুর তারিখ: 29 জুন, 2009

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 22 জুলাই, 2005 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-810-কে রহিত করে।

প্রবিধানটি শিক্ষার্থীর বিনামূল্যে এবং হ্রাসকৃত মূল্যে খাবার লাভের যোগ্যতা নির্ধারণে আইনী, ফেডারেল বিধি, এবং স্টেটের গাইডলাইনের বিধিবদ্ধ নিয়ম এবং পরিচালন শর্ত মানার বিষয়টির বিবরণ দেয়।

পরিবর্তনসমূহ:

- প্রবিধানটি পালিত শিক্ষার্থী ব্যতীত স্কুল ফুড অথোরিটির অধীনের সকল শিক্ষার্থীর জন্য পরিবারিক (ফ্যামিলি বা হাউসহোল্ড) আবেদন ব্যবহারের শর্তটিও যোগ করে। বিনামূল্যে এবং হ্রাসকৃত মূল্যের খাবারের (SD 1041) জন্য এই প্রবিধান নতুন ডিজাইকৃত স্কুল খাবারের আবেদনপত্র ব্যবহারের বিষয়টিও উল্লেখ করে যেখানে এই স্কুলে ভর্তি সকল শিক্ষার্থীর জন্য শুধু একটি পারিবারিক ফর্মই যথেষ্ঠ। এই প্রবিধানের জন্য, এই ফর্মটির পরিচিতি হবে স্কুল খাবারের আবেদনপত্র।
- প্রবিধানটি অভিবাসী, গৃহহীন, অথবা বাড়ি থেকে পালানো শিক্ষার্থীদেরকে বিনামূল্যের খাবারের জন্য অটোম্যাটিকভাবে যোগ্য করে নতুন প্রক্রিয়া যোগ করে।
- এই প্রবিধান হেড স্টার্টে এনরোলড্ এবং খাবারের প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে অটোম্যাটিকভাবে বিনামূল্যে খাবারের যোগ্যতা যোগ করে।
- এই প্রবিধান স্কুল স্তরে ATS এবং NPSIS-এ খাবারের কোড এন্টার করার প্রক্রিয়ায় হালনাগাদ পদ্ধতি অন্তর্ভুক্ত করে।
- এই প্রবিধান নতুন স্ক্যানিং এবং অনলাইন আবেদন প্রক্রিয়ার সিস্টেম যোগ করে যা যোগ্যতা নির্ধারণ প্রক্রিয়াকে অটোম্যাটিক করে।

**সার-সংক্ষেপ**

প্রতিটি স্কুল ফুড অথোরিটি যারা ন্যাশনাল স্কুল ব্রেকফাস্ট অ্যান্ড লাঞ্চ প্রোগ্রামে অংশগ্রহণ করছে তাদেরকে অবশ্যই এই প্রোগ্রামগুলি পরিচালনার ক্ষেত্রে আইনী, ফেডারেল বিধি, এবং স্টেটের গাইডলাইন মেনে চলতে হবে। এইসব আইনী এবং পরিচালনা বিধি-বিধানের শর্ত মানতে ব্যর্থ হলে ডিপার্টমেন্ট অভ এডুকেশন স্কুল খাবার কর্মসূচি এবং অন্যান্য ফেডারেল কর্মসূচি বাবদ লাখ লাখ ডলার বরাদ্দ থেকে বঞ্চিত হতে পারে।

শিক্ষার্থীদের বিনামূল্যের খাবারের যোগ্যতা নির্ধারণ এইসব প্রোগ্রামের মাধ্যমে হয় যার ভিত্তি (1) পাবলিক অ্যাসিসট্যান্স/ফুড স্ট্যাম্প ফাইলের সাথে কমপিউটার মিল; অথবা স্কুল খাবারের আবেদনে (SD1041) পিতামাতা বা অভিভাবক প্রদত্ত পারিবারিক আয়; অথবা (3) স্কুল খাবারের আবদনপত্রে পিতামাতা অথবা অভিভাবক প্রদত্ত বৈধ পাবলিক অ্যাসিসট্যান্স/ফুড স্ট্যাম্প কেস নম্বর অথবা (4) সরাসরি বৈধ সার্টিফিকেশনের চিঠি।

## I. পাবলিক অ্যাসিসট্যান্স ফাইলের সাথে কমপিউটার মিল

A. প্রতি বছর, ডিপার্টমেন্ট অভ এডুকেশন যেসব পরিবারের শিক্ষার্থীরা পাবলিক অ্যাসিসট্যান্স (টেম্পোরারি অ্যাসিসট্যান্স টু নিডি ফ্যামিলিজ (TANF) অথবা ফুড স্ট্যাম্পস্) পাচ্ছে, তাদের সকলের একটি তালিকা করবে, যেগুলি অটোমেট দ্যা স্কুলস্ (ATS)-এর শিক্ষার্থীদের রেকর্ড এবং নন-পাবলিক স্কুল ইনফরমেশন সিস্টেম(NPSIS)- এর শিক্ষার্থীদের রেকর্ডের সাথে মানানসই করা হবে। সকল শিক্ষার্থীর রেকর্ড যেগুলি মিলে যায় সেগুলিকে অটোম্যাটিকভাবে বিনামূল্যের লাঞ্চের যোগ্যতা নির্ধারণ করে কমপিউটার ম্যাচ হিসেবে কোড দেয়া হবে। এই ফিল্ডটি ATS এবং NPSIS-এ অটোম্যাটিকভাবে পূরণ হবে।

B. সকল পরিবার যাদের কমপিউটার মিল হয়েছে তাদেরকে তাদের সন্তানের অবস্থা সম্পর্কে স্কুল কর্তৃক জানানো হবে যাতে তারা এই লাভটি প্রত্যাখ্যানের সুযোগ পায়। প্রদত্ত খাবারের জন্য কোন মূল্য সংগ্রহ আবশ্যিক নয়। এইসব শিক্ষার্থীদের জন্য কোন আবেদনপত্র সংগ্রহ অথবা সরাসরি সার্টিফিকেশন চিঠির অথবা ATS বা NPSIS- এ যোগ্যতা অবস্থা এন্টার করার প্রয়োজন নেই

C. এইসব মানানসইকৃত শিক্ষার্থীর আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফিকেশন চিঠি যা জমা দেয়া হয়েছে সেগুলি ভিন্ন ফাইলে সংরক্ষিত থাকবে কিন্তু ATS বা NPSIS-এ পুনরায় এন্টার করা হবে না।

## II. যোগ্যতার ফর্ম বিতরণ - স্কুল খাবারের আবেদনপত্র (SD1041)

A. প্রতি বছর, স্কুল খাবারের আবেদনপত্র ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর আয়োজনের অধীনে স্কুল খাবার প্রোগ্রামে অংশগ্রহণকারী পাবলিক, চার্টার, এবং নন-পাবলিক স্কুলগুলোর কাছে বিতরণ করা হবে।

B. সেপ্টেম্বরের প্রথম স্কুল খোলার দিনে প্রত্যেক রেজিস্টারড্ শিক্ষার্থীকে একটি স্কুল খাবরের আবেদনপত্র বিতরণ করতে হবে।

C. প্রত্যেক পরিবারকে একই স্কুলে পড়ছে এমন সকল রেজিস্টারড্ সন্তানের জন্য শুধু একটি ফর্ম পূরণ করে জমা দিলেই হবে।

D. আগের বছরের যোগ্যতা পরবর্তী বছরে বহনযোগ্যতা

1. স্থানীয় এডুকেশন এজেন্সি (LEA) অবশ্যই আগের বছরের যোগ্যতা নিচে উল্লিখিত কারণে বহনযোগ্য করবে: (1) আগের বছর থেকে ফাইলে সংরক্ষিত অনুমোদিত আবেদনপত্রসহ পরিবারের শিক্ষার্থীদের ক্ষেত্রে; (2) LEA-তে যেসব পরিবারের শিক্ষার্থীদের আগের বছরের সুবিধার অনুমোদন রয়েছে তাদের সাথে নতুন যোগদানকারী শিক্ষার্থীদের বেলায়; এবং (3) একই LEA-এর অধীনে পূর্বে অনুমোদিত শিক্ষার্থী যারা এক স্কুল থেকে অন্য স্কুলে ট্র্যান্সফার নেয়। যোগ্যতার বহনযোগ্যতা স্কুল বছরের 30 কার্যদিবস পর্যন্ত যা শুরু হয় বর্তমান স্কুল বছরের প্রথম দিন থেকে। নির্দিষ্ট তারিখটি স্কুলগুলির স্কুলফুড অফিসের যোগ্যতার গাইডলাইন মেমোরেন্ডাম - এ প্রতিবছর প্রকাশিত হবে। (স্কুল বছরের কার্যদিবস বলতে বোঝায় স্কুলদিবস, ক্যালেন্ডার দিবস নয়।) এটি প্রযোজ্য সরাসরি সার্টিফিকেশনে, শ্রেণিবিভক্ত যোগ্যতা নির্ধারণে, এবং আয়ের প্রয়োগে। তবুও, নতুন যোগ্যতা নির্ধারণ যোগ্যতার বহনযোগ্যতাকে রহিত করে।

2. স্কুলের প্রথম 30 কার্যদিবসের পরে, অথবা যখন শিক্ষার্থীর নতুন স্কুল খাবারের আবেদন বা বৈধ সরাসরি সার্টিফিকেশনের চিঠি প্রক্রিয়াকরণ হয়, অথবা শিক্ষার্থী যদি সেকশন I-এ বর্ণিত কমপিউটার মানানাসইয়ের মাধ্যম যোগ্য বিবেচিত হয়, এর যেটিই প্রথমে আসুক না কেন, সেক্ষেত্রে তখন থেকে আগের বছরের যোগ্যতার অবস্থার প্রয়োগ বৈধ হবে না। স্কুলসমূহ এবং সেন্ট্রালকে সকল নতুন এনরোলড্ শিক্ষার্থীর যোগ্যতা নির্ধারণ ত্বরান্বিত করায় উৎসাহিত করা হয়। এছাড়া, LEA অবশ্যই বর্তমান স্কুল বছরে জমাদানকৃত আবেদনপত্র সময়মতো প্রক্রিয়াকরণ করবে।

3. প্রাথমিক বহনযোগ্য যোগ্যতার সময়ের পরে বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে খাবার লাভের যোগ্য হতে, শিক্ষার্থীকে অবশ্যই সরাসরি সার্টিফাইড অথবা পরিবারকে অবশ্যই একটি পূরণকৃত আবেদনপত্র জমা দিতে হবে অথবা হয় শ্রণিভুক্ত বা আয়ের যোগ্যতা থাকতে হবে। সকল শিক্ষার্থী যারা বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে খাবার লাভ করে তাদের নাম অবশ্যই LEA অথবা স্কুল ফাইলে থাকতে হবে, সেটি হয় অনুমোদিত আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফাইড শিক্ষার্থীর তালিকা হবে। এটি ফেডারেল অর্থ পরিশোধ প্রোগ্রামের শর্ত পূরণে বাধ্যতামূলক।

E. আবেদনপত্রগুলি অবশ্যই সময়মতো পর্যালোচনা করতে হবে। আবেদনপত্র পাবার দশ (10) কর্মদিবসের মধ্যে অবশ্যই একটি যোগ্যতা নির্ধারণ এবং সেটি বাস্তবায়ন করতে হবে। যখনই সম্ভব, আবেদনপত্রগুলি দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে, বিশেষ করে ঐসব শিক্ষার্থীদের জন্য যাদের আগের বছর থেকে অনুমোদিত আবেদনপত্র ফাইলে নেই।

## III. ইলেক্ট্রনিক আবেদনপত্র/স্ক্যানিংকৃত কাগজের আবেদনপত্র

A. পরিবারগুলির জন্য ACCESS NYC-এর মাধ্যমে ওয়েব-ভিত্তিক ফরম্যাটে স্কুল খাবারের আবেদন লভ্য হবে। আবেদনপত্র পূরণ করতে পরিবারগুলি www.nyc.gov/accessnyc সাইটে অনলাইনেও যেতে পারে। কাগজের আবেদনপত্র যেসব গাইডলাইন অনুসরণ করে প্রক্রিয়াকরণ করা হয়, অনলাইন স্কুল মিলস্ আবেদনপত্র-ও সেভাবে প্রক্রিয়াকরণ করা হবে। পরিবারসমূহকে অবশ্যই অনলাইন নির্দেশনা অনুসরণ এবং তাদের তথ্য এন্টার করতে হবে, এবং সফলভাবে আবেদনপত্র জমাদানের পর তারা একটি নিশ্চিতকরণ নম্বর পাবে যা দিয়ে প্রক্রিয়াকরণ এবং যোগ্যতার অবস্থার খোঁজ করা যাবে।

B. অফিস অভ স্কুলফুডে পূরণকৃত স্কুল খাবারের আবেদনপত্রজমা দিতে স্কুলসমূহ বেছে নেয়া আবশ্যিক যাতে ফর্মটি স্ক্যান করা যায় এবং পরিবার কর্তৃক রিপোর্ট করা তথ্য ইলেক্ট্রনিকভাবে প্রক্রিয়াকরণ করা হয়। স্কুল বছরের শুরুর আগে বাছাইকৃত স্কুলগুলিকে জানানো এবং ফর্মগুলি জমাদানের জন্য নির্দেশনা ও পূর্ব-লিখিত ঠিকানাযুক্ত এনভেলপ দেয়া হবে।

C. অনলাইন এবং স্ক্যানিং সিস্টেম থেকে প্রাপ্ত পারিবারিক তথ্য পাবার দশ কার্যদিবসের মধ্যে ইলেক্ট্রনিকভাবে সেগুলি প্রক্রিয়াকরণ করা হবে, যোগ্যতা নির্ধারণ হবে, এবং ATS অথবা NPSIS-এ খাবারের কোডগুলি এন্টার করা হবে। সার্টিফিকেশন প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য পরিবার এবং স্কুলগুলির সাথে আবশ্যিক তথ্য পেতে অথবা তথ্য যাচাই করতে যোগাযোগ করা হবে। প্রিন্সিপ্যাল এবং ISC প্রশাসকগণ তাদের স্কুল এবং রিজিয়ন সম্পর্কিত প্রক্রিয়াকরণ এবং যোগ্যতার অবস্থা অফিস অভ স্কুলফুড কমপ্লায়েন্স অফিসের (718) 707-4471 নম্বরে ফোন করে পেতে পারেন।

## IV. সরাসরি সার্টিফিকেশন

A. সরাসরি সার্টিফিকেশন প্রক্রিয়ার মাধ্যমে LEA ঐসব শিক্ষার্থীকে সার্টিফাই করে যাদের পরিবার ফুড স্ট্যাম্প পাচ্ছে অথবা দরিদ্র পরিবার হিসেবে অস্থায়ী সহায়তা (TANF) লাভ করছে। স্টেট এবং স্থানীয় এজেন্সি যারা এইসব প্রোগ্রাম পরিচালনা করছে তাদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে, LEA নির্ধারণ করে যে, এইসব শিক্ষার্থী তাদের পরিবারের আবেদনপত্র পূরণ ছাড়া চাইল্ড নিউট্রিশন প্রোগ্রামে অংশগ্রহণকারী স্কুলগুলিতে ফ্রি খাবার লাভের যোগ্য। নিউ ইয়র্ক স্টেট অফিস অভ টেম্পোরারি অ্যান্ড ডিসঅ্যাবিলিটি অ্যাসিসট্যান্স যেসব পরিবারের স্কুল-বয়সী শিক্ষার্থী রয়েছে যারা ফুড স্ট্যাম্প অথবা TANF সুবিধা লাভ করে তাদের সকল পরিবারের কাছে চিঠি পাঠায়। পরিবারের স্কুল খাবারের আবেদনপত্র পূরণের পরিবর্তে এই চিঠিটি পিতামাতা অথবা অভিভাবক তাদের সন্তানের স্কুলে ফ্রি খাবার লাভের যোগ্যতার সার্টিফিকেশন হিসেবে জমা দিতে পারেন।

B. সেকশন I-এ বর্ণিত কমপিউটার মানানসইয়ের মধ্যমে ইতোমধ্যে যেসব শিক্ষার্থী যোগ্য নির্ধারিত হয়নি, তাদের ATS এবং NPSIS-এ ফ্রি হিসেবে যোগ্য কোড দেয়া হবে।

C. যেসব পরিবারের সরাসরি সার্টিফিকেশনের চিঠি রয়েছে তাদের অবশ্যই পরিবারের নাম এবং ঠিকানাসহ একটি কভার লেটার দিতে হবে, এর পাশাপাশি ডক্যুমেন্টটির বৈধতা যাচাই করে

সার্টিফিকেশন বিবৃতিও দিতে হবে।

D. স্কুল ফুড অথোরিটিকে তবুও স্কুল-বয়সী শিক্ষার্থী রয়েছে এমন পরিবারগুলিকে অবশ্যই আবেদনপত্র এবং প্যারেন্ট লেটার দিতে হবে।

E. সরাসরি সার্টিফিকেশনের মাধ্যমে যেসব শিক্ষার্থী যোগ্যতা লাভ করে তাদের রেকর্ডকিপিং এবং রিপোর্টিং আবশ্যিকতা বিনামূল্যে এবং হ্রাসকৃত মূল্যের আবেদনের ফর্মের মতো একই। সেগুলি অবশ্যই:

1. যে বিল্ডিংয়ে শিক্ষার্থীকে খাওয়ানো হয় সেটি দিয়ে বের করা সম্ভব; এবং

2. বর্তমান স্কুল বছরের পরে বাড়তি তিন বছরের জন্য স্কুল কর্তৃক সংরক্ষিত থাকে, তা সে শিক্ষার্থী এই সময়ের মধ্যে প্রকৃত উপস্থিত থাকুক বা না থাকুক। কিছু নির্দিষ্ট স্কুলের ক্ষেত্রে - যদের পূরণকৃত কাগজের স্কুল খাবারের আবেদন অফিস অভ স্কুলফুড কর্তৃক স্ক্যান করা হবে, সেগুলির রেকর্ড আবশ্যিক সময়ের জন্য অফিস অভ স্কুলফুড সংরক্ষণ করবে।

F. পিতামাতা অথবা অভিভাবকগণের খাবার লাভের সুবিধা প্রত্যাখ্যান করার অধিকার রয়েছে এবং এই অধিকার ও কী করে সেটি করতে হবে সেসম্পর্কে তাদের অবশ্যই জানাতে হবে।

## V. গোপনীয়তা

ইউনাইটেড স্টেটস্ ডিপার্টমেন্ট অভ এগ্রিকালচার (USDA) ঐসব অফিসিয়াল যারা টাইটেল ওয়ান অ্যান্ড ন্যাশনাল অ্যাসেসমেন্ট অভ এডুকেশনাল প্রোগ্রেস (NAEP) প্রোগ্রামের জন্য ড্যাটা সংগ্রহ করছে তাদের কাছে শিক্ষার্থীদের নাম, ঠিকানা, এবং যোগ্যতার অবস্থা প্রকাশের অনুমোদন দিয়েছে। চ্যান্সেলরের প্রবিধান A-820 দ্বারা অনুমোদিত কোন ক্ষেত্র ছাড়া অন্য কোন উদ্দেশ্যে স্কুলগুলি শিক্ষার্থীদের নাম এবং যোগ্যতা প্রকাশ করতে পারবে না।

## VI. প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য খাবার পরিষেবা

ফেডারেল বিধির শর্ত এই যে, স্কুলগুলি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যাদের সূচিভুক্ত মেন্যুতে প্রদত্ত খাবারে কিছুটা পরিবর্তন ব্যতীত খাবার পরিষেবা প্রোগ্রামে পূর্ণভাবে অংশগ্রহণ করায় বিধি-নিষেধ রয়েছে তাদেরকে বাড়তি মূল্য ছাড়া খাবার পরিষেবা দিতে হবে। পিতামাতা/অভিভাবকগণ মেডিকেল ডাক্তারের কাছ থেকে মেডিকেল সার্টিফিকেশন ডক্যুমেন্ট দিয়ে ঐসব খাবারের চাহিদাযুক্ত বিশেষ খাবারের জন্য স্কুলের কাছে অনুরোধ জানাতে পারেন।

## VII. গৃহহীন, অভিবাসী, এবং গৃহ-পালানো শিক্ষার্থীদের জন্য বিনামূল্যের খাবারের যোগ্যতা

USDA স্বীকার করে যে, গত কয়েক বছরে গৃহহীন, অভিবাসী, এবং গৃহ-পালানো শিক্ষার্থীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে এবং এই যে, পিতামাতা/অভিভাবকগণ যারা গৃহহীন তারা বিনামূল্যের খাবারের আবেদন ফেরত দিতে অনেক সময় ব্যর্থ হন, এবং এইসব শিক্ষার্থীকে অনেক ক্ষেত্রেই সরাসরি সার্টিফিকেশন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয় না।

A. একজন শিক্ষার্থীকে তখনই গৃহহীন বিবেচনা করা হয় যদি সে ম্যাক্‌কিনি ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্টের অধীনে স্থানীয় এডুকেশনাল এজেন্সির লিঁয়াজো অথবা গৃহহীন আশ্রয়স্থলের ডিরেক্টর কর্তৃক কোন নির্দিষ্ট, নিয়মিত, এবং রাতের পর্যাপ্ত সময় কোন স্থানে থাকার ব্যবস্থা নেই এমন চিহ্নিত হয়।

B. একজন গৃহ-পলায়নী শিক্ষার্থী হলো এমন একজন শিক্ষার্থী যে রানঅ্যাওয়ে অ্যান্ড হোমলেস ইয়ুথ অ্যাক্টের (RYHA) অধীনে স্থানীয় শিক্ষা-সংক্রান্ত লিঁয়াজো কর্তৃক কোন প্রোগ্রামের মাধ্যমে পলায়নী সহায়তা লাভ করছে।

C. একজন পরিযায়ী শিক্ষার্থী বলতে বোঝায় স্টেট অথবা স্থানীয় পরিযায়ী শিক্ষা প্রোগ্রাম কোঅর্ডিনেটর অথবা স্থানীয় শিক্ষা-সংক্রান্ত লিঁয়াজো কর্তৃক চিহ্নিত এমন একজন শিক্ষার্থী যে গত তিন বছরের মধ্যে পিতামাতা অথবা অভিভাবক যিনি কৃষি অথবা মৎস সংক্রান্ত অস্থায়ী অথবা মৌসুমী কাজের খোঁজে অথবা সেটি পেতে স্কুল ডিস্ট্রিক্টগুলির একটি থেকে আরেকটিতে ঘুরেছে।

যখন পরিবার কোন আবেদনপত্র জমা দেয় না অথবা তাদের আবেদনপত্র জমাদানের সম্ভাবনা থাকে না, তখন USDA সকল চাইল্ড নিউট্রিশন প্রোগ্রামসমূহের (CNPs) জন্য নিচের উল্লিখিত প্রক্রিয়া প্রতিষ্ঠা করে:

A. মাইগ্র্যান্ট কোঅর্ডিনেটর, হোমলেস লিঁয়াজো, অথবা রানঅ্যাওয়ে প্রোভাইডার যোগ্য শিক্ষার্থীদের তালিকা এবং কার্যকর তারিখগুলি স্কুলকে প্রদান করতে পারেন। তালিকাটি অবশ্যই কোঅর্ডিনেটর, লিঁয়াজো, অথবা প্রভাইডার কর্তৃক তারিখ এবং স্বাক্ষর প্রদত্ত হবে। এইসব শিক্ষার্থীকে তারপর সরাসরি স্কুল বছরের জন্য বিনামূল্যে খাবার প্রদানে সার্টিফাইড করা হবে। অন্য আর কোন ডক্যুমেন্ট প্রয়োজন হবে না। এটিই পছন্দের বিকল্প।

B. যেখানে শিক্ষার্থী বসবাস করে সেই হোমলেস শেল্টারের ডিরেক্টর শিক্ষার্থীর জন্য একটি আবেদনপত্র পূরণ করে জমা দিতে পারেন।

C. স্থানীয় অফিসিয়ালগণ কোন শিক্ষার্থীর জন্য আবেদনপত্র পূরণ করতে পারেন এবং শিক্ষার্থীর ঠিকানা যে হোমলেস শেল্টার অথবা শিক্ষার্থীর যে কোন জানা ঠিকানা নেই এবং প্রকৃতপক্ষে সে গৃহহীন সেই তথ্যের ভিত্তিতে তাকে বিনামূল্যের খাবারের জন্য অনুমোদন দিতে পারেন।

D. যদি গৃহহীন শিক্ষার্থীর সংখ্যা এত বেশি হয় যে হোমলেস শেল্টার অথবা স্কুল অফিশিয়ালদের জন্য তাদের আবেদনপত্র পূরণ করা অসম্ভব হয়ে পড়ে, সেক্ষেত্রে স্কুল প্রশাসন যোগ্য শিক্ষার্থীদের একটি তালিকা প্রস্তুত করতে পারে যার ভিত্তি হবে পরিবারের বাসস্থানের উপর। বিনামূল্যের খাবারের যোগ্যতার সমর্থনে শিক্ষার্থী তালিকায় যেসব ডক্যুমেন্টশন প্রয়োজন সেগুলিতে অবশ্যই কমপক্ষে থাকবে:

1. সন্তানের নাম;

2. যোগ্যতা নির্ধারণের কার্যকর তারিখ;

3. শিক্ষার্থী যে শেল্টারে বসবাস করছে তার নাম এবং ঠিকানা;

4. নির্ধারণকারী অফিশিয়ালের স্বাক্ষর; এবং

5. শেল্টার, স্কুল, অথবা প্রোগ্রাম থেকে চলে আসার তারিখ।

E. এইসব তালিকা অবশ্যই নতুন নাম যোগ করে এবং যেসব শিক্ষার্থী স্কুল ছেড়ে গিয়ে থাকতে পারে অথবা যাদের পরিস্থিতির পরিবর্তন হয়েছে তাদের নাম অপসারণ করে বর্তমান সময় পর্যন্ত হালনাগাদ থাকবে।

F. পরিযায়ী অবস্থার শিক্ষার্থীদের ডক্যুমেন্টেশন পরিযায়ী কোঅর্ডিনেটর কর্তৃক তাদের বিনামূল্যের খাবারের যোগ্যতার সমর্থনের ডক্যুমেন্ট হিসেবে সংরক্ষিত হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তারিখ, শিক্ষার্থীর নাম, এবং পরিযায়ী কোঅর্ডিনেটরের স্বাক্ষর।

G. একজন শিক্ষার্থী অথবা পরিবার অন্য পরিবারের সাথে অস্থায়ীভাবে বসবাস কবার পরেও ম্যাকিনি-ভেন্টো আইন অনুযায়ী গৃহহীনের সংজ্ঞায় পড়তে পারে। এইসব ক্ষেত্রে, পরিবারের সাইজ এবং অতিথি সেবক (হোস্ট) পরিবারের আয়ের বিষয়টি স্থানীয় শিক্ষাবিষয়ক লিঁয়াজো কর্তৃক গৃহহীন বলে চিহ্নিত শিক্ষার্থীর বিনামূল্যের খাবারের যোগ্যতা নির্ধারণে বিবেচিত হবে না।

H. যখন কোন সেবক পরিবার তাদের সন্তানের জন্য বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে খাবারের আবেদন করে, তখন তারা গৃহহীন পরিবারটিকে তাদের পরিবারের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারে যদি সেবক পরিবার গৃহহীন পরিবারকে কোন আর্থিক সহায়তা প্রদান করে যেমন আশ্রয়, ইউলিটিজ-খরচ, পোশাক-পরিচ্ছদ, অথবা খাবার। এই ধরনের ক্ষেত্রে, সেবক পরিবার অবশ্যই গৃহহীন পরিবার কর্তৃক প্রাপ্ত যেকোন আয়ও অন্তর্ভুক্ত করবে। স্কুল কর্তৃপক্ষ অবশ্যই সেবক পরিবারের যোগ্যতা গতানুগতিকভাবে করবে। তথাপি, গৃহহীন শিক্ষার্থীর বিনামূল্যের খাবারের যোগ্যতা নির্ভর করে স্থানীয় শিক্ষাবিষয়ক লিঁয়াজো কর্তৃক প্রদত্ত ডক্যুমেন্টেশনের উপর, এমন কি যদি শিক্ষার্থী সেবক পরিবারের বিনামূল্য এবং হ্রাসকৃত মূল্যের আবেদনে অন্তর্ভুক্তও হয়।

## VIII. হেডস্টার্ট/ইভেন স্টার্ট প্রোগ্রামসমূহে শিক্ষার্থীদের জন্য বিনামূল্যের খাবারের যোগ্যতা

A. ফেডারেল-অর্থায়িত হেড স্টার্ট সেন্টারসমূহে এনরোলড্ শিক্ষার্থী যারা হেড স্টার্ট প্রোগ্রামে নিম্ন আয়ের মাপকাঠির শর্ত পূরণ করে তারা ন্যাশনাল স্কুল লাঞ্চ প্রোগ্রামে (NSLP) আর কোন আবেদন অথবা যোগ্যতা নির্ধারণ যাচাই ছাড়া ন্যায্যভাবে বিনামূল্যের খাবারের যোগ্যতার জন্য বিবেচিত হবে। ফেডারেল-অর্থায়িত হেড স্টার্ট সেন্টারসমূহে শিক্ষার্থীদের মতো স্টেট-অর্থায়িত প্রি-কিন্ডারগার্টেন হেড স্টার্ট প্রোগ্রামে এনরোলড্ শিক্ষার্থীগণ যারা একই যোগ্যতার শর্ত পূরণ করে তারাও স্পষ্টত যোগ্য বিবেচিত হয়।

B. ইভেন স্টার্টে অংশগ্রহণের ভিত্তিতে কোন শিক্ষার্থীর বিনামূল্যের খাবারের ন্যায্য হতে, শিক্ষার্থীকে অবশ্যই ফেডারেল-অর্থায়িত ইভেন স্টার্ট ফ্যামিলি লিটারেসি প্রোগ্রামে অংশগ্রহণকারী হিসেবে এনরোলড্ এবং তাকে অবশ্যই প্রি-কিন্ডারগার্টেন স্তরের হতে হবে।

C. স্কুল মিলস্ প্রোগ্রামে বিনামূল্যের খাবারের ন্যায্য যোগ্যতা প্রতিষ্ঠায় ফেডারেল-অর্থায়িত হেড স্টার্ট

অথবা ইভেন স্টার্টে একজন শিক্ষার্থীর অংশগ্রহণের জন্য আবশ্যিক ডক্যুমেন্টেশন। ইভেন স্টার্ট অফিশিয়ালের কাছ থেকে ডক্যুমেন্টেশনে অবশ্যই উল্লিখিত থাকবে যে শিক্ষার্থী এখনও কিন্ডারগার্টেনে প্রবেশ করেনি সেই নিশ্চয়তা।

## IX. স্কুল খাবারের আবেদনে শর্তের সংজ্ঞা

A. **"বর্তমান আয়"** বলতে বোঝায় সকল অর্থ যা এখন ট্যাক্স কাটা অথবা অন্য কোন অর্থ বাদ দেবার পূর্বে পাওয়া যাচ্ছে। কৃষক, স্ব-নিয়োজিত কর্মী, পরিযায়ী কর্মী, এবং অন্য মৌসুমী কর্মীগণ তাদের গত 12 মাসের আয় ব্যবহার করতে পারে।

B. **"পরিবার"** বলতে বোঝায় সম্পর্কিত অথবা সম্পর্কহীন মানুষের একটি গ্রুপ যারা একই বাড়িতে বা আবাসস্থলে বসবাস করছে এবং আয় এবং ব্যয় শেয়ার করে। এর অন্তর্ভুক্ত স্বামী বা স্ত্রী, ছেলে, মেয়ে, নাতি-নাতনী ইত্যাদি।

C. **"প্রাপ্তবয়স্ক পরিবার সদস্য"** বলতে বোঝায় সকল সম্পর্কিত এবং সম্পর্কহীন ব্যক্তি যাদের বয়স 21 অথবা তার অধিক এবং যারা বাড়িতে বসবাস করছে।

## X. বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে স্কুল খাবারের আবেদনের গাইডলাইন

A. কমপিউটারে মানানসইকরণ প্রক্রিয়া অথবা পিতামাতা/অভিভাবক প্রদত্ত পরিবারের আয় অথবা পিতামাতা/অভিভাবক প্রদত্ত বৈধ ফুড স্ট্যাম্প অথবা/TANF কেইস নম্বর অথবা বৈধ প্রতক্ষ্য সার্টিফিকেশনের চিঠি অনুসারে যোগ্যতা নিরূপিত হতে পারে।

B. যখন পিতামাতা/অভিভাবক আয়ের তথ্য প্রদান করে

1. স্কুল খাবারের আবেদনের পার্ট 4-এ সকল ব্যক্তি, সম্পর্কিত এবং সম্পর্কহীন, যারা একই পরিবারে বাস করে এবং জীবন-ধারণের ব্যয় শেয়ার করে, তাদেরকে অবশ্যই তালিকাভুক্ত করতে হবে। শুধুমাত্র যে প্রাপ্তবয়স্ক পরিবার সদস্য আবেদনপত্রে স্বাক্ষর করেন তার সোশ্যাল সিকিউরিটি নম্বর জানাতে হবে। যদি আবেদনপত্রে স্বাক্ষরকারী পরিবার সদস্যের কোন সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে, তাকে অব্যশ্যই লিখতে হবে "নান (নেই)" সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে অথবা "নেই" লিখতে ব্যর্থ হলে, সেটি আবেদনপত্র অননুমোদনের কারণ হতে পারে। আবেদনপত্রে বর্ণিত তথ্য যাচাইয়ের জন্য সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করা হতে পারে।

2. পরিবারগুলিকে স্কুল খাবারের আবেদনপত্রে মোট পারিবারিক আয়ের হিসাব দেখানোর আবশ্যিকতা নেই। প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই মোট আয়ের পরিমাণ হিসাব করতে হবে, এর ব্যতিক্রম যদি আবেদনপত্র অনলাইনে অথবা স্ক্যানকৃত হয়, সেক্ষেত্রে যোগ্যতার সফট্ওয়্যার মোট আয় বের করবে। সার্টিফিকেশন সেকশন (পার্ট 5) অবশ্যই পিতামাতা/অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত এবং তারিখযুক্ত হবে।

3. বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যের খাবার প্রদান করা হবে যদি বর্তমান মোট পারিবারিক

মাসিক আয় ঐ বছরের প্রকাশিত আয়ের মধ্যে পড়ে।

C. যখন কোন পিতামাতা/অভিভাবক পার্ট 3-তে ফুড স্ট্যাম্প অথবা TANF কেইস নম্বর প্রদান করে - তাহলে শিক্ষার্থী অটোম্যাটিক্যালি বিনামূল্যের লাঞ্চের যোগ্য হয়; অতএব, পার্ট 4 পূরণের আর আবশ্যিকতা নেই। এছাড়া, কোন সোশ্যাল সিকিউরিটি নম্বরেরও দরকার নেই। যদি পিতামাতা/অভিভাবকের পার্ট 4-এও আয়ের একটি রেকর্ড দিয়ে থাকে, আয়ের বিষয়টি বাদ দিতে পারেন। তবুও সার্টিফিকেশন সেকশন (পার্ট 5) অবশ্যই পিতামাতা/অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত এবং তারিখযুক্ত হবে। ফুড স্ট্যাম্প অথবা TANF কেইস নম্বর অথবা সরাসরি সার্টিফিকেশনের সাথে সম্পর্কিত তথ্য ঐচ্ছিক এবং স্বেচ্ছাকৃত।

D. পালক সন্তান - একজন পালক সন্তান হলো সেই ছেলে বা মেয়ে যে কোন একটি পরিবারের সাথে বসবাস করছে কিন্তু যার আইনী প্রযত্ন কোন ওয়েলফেয়ার এজেন্সি অথবা কোর্টের অধীনে। প্রতিটি পালক সন্তান একজনের একটি পরিবার বিবেচিত হয়।

1. পরিবারের প্রতিটি পালক সন্তানের জন্য অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্য, শুধু শিক্ষার্থীর "ব্যক্তিগত ব্যবহারের আয়" ব্যবহার করা হয়। যদি শিক্ষার্থীর কোন ব্যক্তিগত ব্যবহারের আয় না থাকে পিতামাতা/অভিভাবককে অবশ্যই লিখতে হবে শূন্য ("0")। পিতামাতা/অভিভাবককে অন্য কোন সন্তান, পরিবার সদস্য, আয়, অথবা কোন সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে না। আবেদনপত্রটি অবশ্যই একজন প্রাপ্তবয়স্ক পরিবার সদস্য কর্তৃক স্বাক্ষরকৃত হবে।

2. ভিন্ন ভিন্ন আবেদনপত্রের পরিবর্তে, স্কুল ফুড অথোরিটি কোর্ট অথবা এজেন্সি যারা পালক সন্তানদের স্থান প্রদানের দায়িত্বে আছে তাদের কাছ থেকে একটি তালিকা গ্রহণ করতে পারে। তালিকায় অবশ্যই শিক্ষার্থীর নাম, যেকোন ব্যক্তিগত আয় যা সে পাচ্ছে সেটি, শিক্ষার্থীর বর্তমান ঠিকানা, এবং, যদি জানা থাকে, বর্তমানে শিক্ষার্থী যে স্কুলে যাচ্ছে সেই তথ্য দিতে হবে। তালিকাটি অবশ্যই যথাযথ অফিশিয়াল কর্তৃক স্বাক্ষরকৃত হবে এবং অফিশিয়ালের পদবী এবং যোগাযোগের তথ্যের উল্লেখ থাকবে।

E. আবাসিক প্রতিষ্ঠানের শিক্ষার্থী - আবাসিক চাইল্ড কেয়ার প্রতিষ্ঠানের (RCCI) প্রতিটি সন্তানকে একজনের একটি পরিবার বিবেচনা করা হয়। প্রত্যেক শিক্ষার্থীর জন্য অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে অথবা RCCI সেখানে বসবাসকারী সকল শিক্ষার্থীর জন্য একটি যোগ্যতার ডক্যুমেন্টেশন শিট ব্যবহার করতে পারে। ডক্যুমেন্টেশন শিটে অবশ্যই থাকবে শিক্ষার্থীর নাম এবং তার ব্যক্তিগত ব্যবহারের জন্য প্রাপ্ত আয়ের উল্লেখসহ তথ্য। ডক্যুমেন্টেশন শিটটি অবশ্যই যথাযথ অফিশিয়াল কর্তৃক স্বাক্ষরকৃত হবে এবং অফিশিয়ালের পদবী এবং যোগাযোগের তথ্যের উল্লেখ থাকবে। RCCI-তে যোগদানকারী প্রত্যেক শিক্ষার্থী যারা সেখানে বসবার করে না, তাদেরকে পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করা হয় এবং তাদের যোগ্যতা নির্ধারিত হয় পারিবারিক আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফেকশন ব্যবহার করে।

## XI. সম্পূর্ণকরণের জন্য জমাদানকৃত আবেদনপত্র পর্যালোচনা

A. পরিবার যে একটি সম্পূর্ণ আবেদনপত্র জমা দিয়েছে সেটি নিশ্চিত করতে প্রিন্সিপ্যাল অথবা তার পদে নিযুক্ত ব্যক্তি অবশ্যই প্রতিটি স্কুল খাবারের আবেদনপত্র পর্যালোচনা করবেন। যদি আবেদনপত্র সম্পূর্ণ হয়, অফিশিয়াল অবশ্যই তারপর নির্ধারণ করবে পরিবারটি ন্যায্যভাবে অথবা আয়ের কারণে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এই সুবিধা পাবার যোগ্য কিনা। একটি সম্পূর্ণ স্কুল খাবারের আবেদন ফেরত দিতে ব্যর্থ হবার কারণে শিক্ষার্থীদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যাবে না।

B. স্কুল খাবারের আবেদনপত্রে শুধু পিতামাতা/অভিভাবক কর্তৃক প্রদত্ত তথ্য যোগ্যতা নির্ধারণে ব্যবহৃত হবে। পর্যালোচনাকারী অফিশিয়াল, প্রিন্সিপ্যাল অথবা তার পদে নিযুক্ত ব্যক্তি শুধু যোগ্যতার অবস্থা নির্ধারণ এবং আবেদনপত্র প্রক্রিয়াকরণের পরে আয়ের সূত্র এবং পরিমাণের পাশাপাশি পরিবারের গঠন যাচাই করতে পারেন।

C. "আমি বিনামূল্য অথবা হ্রাসকৃত-মূল্যের খাবারের যোগ্য নই", এই বিবৃতির পাশের বক্সে পরিবার যদি টিক চিহ্ন প্রদান করে, প্রিন্সিপ্যাল অথবা নির্দিষ্ট স্কুলের পর্যালোচনাকারী অফিশিয়াল আবেদনপত্রটি প্রত্যাখিত হিসেবে প্রক্রিয়াকরণ করবে এবং পরিবারের সাথে আর কোন যোগাযোগেরও প্রয়োজন হবে না এমন কি আবেদনপত্রে যদি কোন স্বাক্ষরও না থাকে। শিক্ষার্থী কর্তৃক নেয়া প্রতিটি লাঞ্চ খাবারের জন্য পরিবারকে বর্তমান পূর্ণ মূল্যে বিল দেয়া হবে। যখন কোন পরিবার উল্লেখ করে যে তারা বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যে খাবার লাভের যোগ্য নয়, সেক্ষেত্রে পরিবারের সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদানের আবশ্যিকতা নেই।

D. যদি কোন পরিবার বিভিন্ন সময়ের যেমন প্রতিসপ্তাহের, প্রতি-দুই সপ্তাহের, এবং মাসিক এমন বহুবিধ আয়ের সূত্রের উল্লেখ করে, তাহলে সর্বাধিক অগ্রাধিকারের পদ্ধতিটি হলো সকল আয়কে বার্ষিক আয়ে পরিবর্তন করা। যদি কোন পরিবারের শুধু একটি আয়ের সূত্র থাকে অথবা সকল সূত্র একই সময়ের হয়, তাহলে পরিবর্তনের আবশ্যিকতা নেই। উপযুক্ত পরিবার সাইজের বার্ষিক আয়ের জন্য যোগ করা আনরাউন্ডেড মোট সংখ্যাটিকে প্রকাশিত আয়ের যোগ্যতার গাইডলাইনের সাথে তুলনা করুন।

1. আয়কে বার্ষিক আয়ে পরিবর্তন করতে, প্রয়োজনবোধে, সপ্তাহের আয়কে 52 দিয়ে গুণ করুন; প্রতি দুই সপ্তাহের আয়কে 26 দিয়ে; মাসে দুই বারের আয়কে 24 দিয়ে; এবং মাসিক আয়কে 12 দিয়ে গুণ করুন। প্রতিটি পরিবর্তন থেকে প্রাপ্ত সংখ্যাগুলিকে রাউন্ডেড সংখ্যা বানাবেন না। পরিবর্তিত সকল আনরাউন্ড সংখ্যাগুলি যোগ দিন এবং আনরাউন্ড মোট সংখ্যাটি পরিবার সাইজ অনুযায়ী বার্ষিক আয়ের জন্য উপযুক্ত IEG-এর সাথে তুলনা করুন। অনলাইন এবং স্ক্যানিং প্রক্রিয়ায় যোগ্যতা নির্ধারণে যে সফট্ওয়্যার ব্যবহার করা হয় সেটিকে একই পরিবর্তনের নীতি অবলম্বন করতে হবে।

2. যদি কোন আবেদনপত্রে কত ঘনঘন আয় হয় সেটি উল্লিখিত না থাকে, যেমন সাপ্তাহিক,

মাসিক ইত্যাদি, পর্যালোচনাকারী অফিশিয়াল সাপ্তাহিক হিসেবে প্রক্রিয়াকরণ করবে *অথবা* অনুমোদনদানের আগে পরিবারকে ফোন করবে যেহেতু আয়ের তথ্য পূর্ণ হয়নি।

E. ফেডারেল আইন অনুযায়ী, পিতামাতা অথবা অভিভাবককে হ্রাসকৃত-মূল্যের খাবারের জন্য শুধু আয়ের যোগ্যতার গাইডলাইন প্রদান করা হবে। শুধু প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি উভয় বিনামূল্যে এব হ্রাসকৃত-মূল্যের খাবারের জন্য আয়ের গাইডলাইনের একটি কপি পাবেন। বিনামূল্যের খাবারের জন্য আয়ের যোগ্যতার গাইডলাইন স্কুল সাইটে পিতামাতার অনুরোধক্রমে পরিদর্শনের জন্য লভ্য হতে পারে এবং তা শুধু যোগ্যতা নির্ধারণ এবং বাড়িতে নোটিফিকেশন পাঠানোর পরে। স্কুল কর্তৃপক্ষ কোনভাবেই বিনামূল্যের খাবারের যোগ্যতার গাইডলাইন শিক্ষার্থী অথবা পিতামাতা/অভিভাবকের কাছে বিতরণ করতে পারে না।

F. পিতামাতা/অভিভাবক যদি আয়ের তথ্য প্রদান করেন, পর্যালোচনাকারী অফিশিয়াল বিনামূল্য এবং হ্রাসকৃত-মূল্যের আয়ের যোগ্যতার গাইডলাইন ব্যবহার করবেন এবং স্কুল খাবারের আবেদনের অপর পৃষ্ঠায় "শুধু স্কুল ব্যবহারের জন্য" সেকশনে সেটি উল্লেখ করবেন: (1) মোট বর্তমান পারিবারিক আয় এবং সেটি কত ঘন ঘন; (2) মোট পারিবারিক সাইজ; (3) শিক্ষার্থীর যোগ্যতার অবস্থা (বিনামূল্যে, হ্রাসকৃত-মূল্যে, অথবা প্রত্যাখান করা হয়েছে); এবং (4) যদি যথাযথ হয়, প্রত্যাখানের কারণ। পর্যালোচনাকারী অফিশিয়াল অবশ্যই আবেদনপত্রটি স্বাক্ষর করে তারিখ দেবেন। স্কুল কর্মীর নামের অদ্যাক্ষরের সাথে যুক্তভাবে প্রিন্সিপ্যালের স্বাক্ষর এবং স্ট্যাম্প ব্যবহার করা যেতে পারে।

G. প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক স্কুল খাবারের আবেদনপত্রে যেকোন তথ্য এন্টার করা অথবা পরিবর্তন এড়ানো উচিত যদি না তা পিতামাতা, অভিভাবক, অথবা অন্য অনুমোদিত পরিবার সদস্য দ্বারা ব্যক্তিগতভাবে সেই তথ্য এন্টার অথবা পরিবর্তন করা অসম্ভব বা অনাবশ্যক হয়।

H. প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক যেকোন এন্টার করা অথবা পরিবর্তিত তথ্য অবশ্যই পূর্ণ এবং সঠিকভাবে একজন পিতামাতা, অভিভাবক, অথবা অন্য অনুমোদিত প্রাপ্তবয়স্ক পরিবার সদস্যের কাছ থেকে পাওয়া তথ্যের প্রতিফলন হবে।

I. প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই তার এন্টার করা অথবা পরিবর্তিত তথ্যের প্রতিটি স্থানে নামের অদ্যাক্ষর (ইনিশিয়াল) দিয়ে নিশ্চিত করতে হবে এবং সেখানে ( স্কুল খাবারের আবেদনপত্রের উপরে অথবা সংযুক্ত মেমোরেন্ডামে) একটি লিখিত ব্যাখ্যা অন্তর্ভুক্ত থাকবে যা ব্যাখ্যা করবে প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কারণ এবং তার ভিত্তি এবং সূত্র। এই ব্যাখ্যার পরে প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির নাম অবশ্যই স্বাক্ষর এবং প্রিন্ট করতে হবে। স্কুল খাবারের আবেদনপত্রে এন্টারকৃত অথবা পরিবর্তিত তথ্য প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির স্বাক্ষর দিয়ে তথ্যের সঠিকতা এব অন্যান্য প্রতিনিধিত্বের ব্যাখ্যার সার্টিফেকশন দেয়া হয়।

J. যেখানে প্রথম থেকেই পিতামাতা অথবা অভিভাবক কর্তৃক পরিবারের আয় অথবা সাইজের তথ্য দেয়া হয়নি এবং প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক এন্টার করা হয়েছে (পরিবর্তনের

উল্টোটি হিসেবে), সেক্ষেত্রে প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি (এই সেকশনের শর্ত মানার পরেও) প্রশাসনিক বিশেষ ক্ষমতা সম্পর্কিত সেকশন XIII-এর শর্ত অবশ্যই মানবে।

K. যখন পরিবার শূন্য আয় (0) অথবা আয়ের অস্থায়ী হ্রাস রিপোর্ট করে প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অস্থায়ী ভিত্তিতে পরিবারগুলিকে অনুমোদন দিতে পারে। এই আবেদনগুলি প্রতি 45 ক্যালেন্ডার দিবস পর পর অবশ্যই পর্যালোচনা করা হবে।

1. প্রিন্সিপ্যালগণ অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিবর্গ অবশ্যই আবেদনটি যে এখনও বৈধ আছে সেবিষয়টি নিশ্চিত করতে প্রত্যেক 45 দিন পার হয়ে যাবার পর তাদের পারিবারিক বর্তমান আয় মূল্যায়ন করার লক্ষ্যে প্রতিটি পরিবারের সাথে যোগাযোগের তারিখ এবং ফলাফল সংরক্ষণ করবেন।

2. শুধু শূন্য (0) আয়ের পূরণকৃত আবেদনপত্র অস্থায়ীভাবে অনুমোদিত হবে। যেসব আবেদনপত্রে আবশ্যিক তথ্য যেমন আয়ের তথ্য বাদ পড়েছে, সেগুলিতে ঐ বাদ পড়া তথ্য দেয়া না হলে, অবশ্যই প্রত্যাখান করা হবে।

L. যেখানে পরিবর্তন করা হয়, সেখানে পিতামাতা, অভিভাবক, অথবা অন্য অনুমোদিত পরিবার সদস্য (এর পাশাপাশি প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির এন্টার করা অথবা পরিবর্তিত তথ্য) প্রদত্ত মূল তথ্য অবশ্যই স্পষ্টভাবে দৃষ্টিগোচর এবং পৃথকভাবে শনাক্তযোগ্য হবে।

M. স্কুল যেভাবে স্কুল খাবারের আবেদনপত্র পেয়েছে সেখানে যদি পিতামাতা, অভিভাবক, অথবা অন্য অনুমোদিত পরিবার সদস্য কর্তৃক কাটা-ছেঁড়া, হোয়াইট-আউট, অথবা অন্য কোন পরবর্তনের প্রমাণ থাকে, প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি এই নোট দিয়ে রাখবেন যে স্কুল খাবারের আবেদনপত্র এই ধরনের পরবর্তিনসহ রিসিভ করা হয়েছে।

## XII. ATS অথবা NPSIS-এ যোগ্যতার ডক্যুমেন্ট সংরক্ষণ

A. সকল শিক্ষার্থীর অবশ্যই তাদের যোগ্যতার অবস্থার ডক্যুমেন্ট ATS, NPSIS-এ অথবা একটি কমপিউটার মানানসইয়ের ভিত্তিতে ম্যনুয়েল মাস্টার লিস্টিংয়ে সঠিকভাবে সার্টিফাইড স্কুল খাবারের আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফিকেশন হিসেবে ফাইলে সংরক্ষিত থাকবে। নিচের খাবারের কোডের পরিচিতিসমূহ স্কুল স্তরে অথবা অনলাইন এবং স্ক্যানিং প্রক্রিয়ায় ATS অথবা NPSIS -এ এন্টার করা হবে যাতে প্রত্যেক শিক্ষার্থীর যোগ্যতা অবস্থা বোঝা যায়।

1. খাবার কোড A – যেসব পরিবার পাবলিক অ্যাসিসট্যান্স অথবা ফুড স্ট্যাম্প পাচ্ছে তাদেরকে কমপিউটার মানানসইয়ের মাধ্যমে অটোম্যাটিকভাবে বিনামূল্যে খাবার লাভের সুযোগ - কোন আবেদনপত্রের আবশ্যিকতা নেই।

2. খাবার কোড 1 - বিনামূল্যের খাবার লাভের সুযোগ যা সরাসরি সার্টিফেকশনের চিঠি দ্বারা অথবা পূরণকৃত আবেদনপত্রের মাধ্যমে যেখানে বৈধ পালক সন্তান, ফুড স্ট্যাম্প অথবা TANF তথ্য, অথবা পরিবারের আয় যা বিনামূল্যে খাবারের জন্য প্রকাশিত আয়ের সীমার

মধ্যে পড়ে।

3. খাবার কোড 2 - হ্রাসকৃত-মূল্যের খাবার লাভের সুযোগ যা ফাইলে সংরক্ষিত পূরণকৃত আবেদনপত্র দ্বারা নির্ধারিত যেখানে রিপোর্টকৃত পারিবারিক আয় বিনামূল্যের খাবারের জন্য প্রকাশিত আয়ের সীমা অতিক্রম করে।

4. খাবার কোড 3 - যা মূল্য পরিশোধের মাধ্যেম (প্রত্যাখিত) লাভ করা এবং পূরণকৃত আবেদনের মাধ্যেম নির্ধারিত যেখানে: (a) পরিবার উল্লেখ করেছে যে তাদের বিনামূল্যে এবং হ্রাসকৃত-মূল্যে খাবারের আবেদনে আগ্রহ নেই; অথবা (b) রিপোর্টকৃত পারিবারিক আয় বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যের খাবারের জন্য প্রকাশিত আয়ের অধিক।

5. খাবার কোড 4 – মূল্য পরিশোধের মাধ্যমে লভ্য (প্রত্যাখিত) যা ফাইলে সংরক্ষিত অসম্পূর্ণ আবেদনপত্র দ্বারা নির্ধারিত। আবেদনপত্র প্রক্রিয়াকরণ করতে বাদ-পড়া তথ্য অবশ্যই দিতে হবে।

6. খাবার কোড 5 – মূল্য পরিশোধের মাধ্যমে লভ্য (প্রত্যাখিত) যা ফাইলে কোন আবেদনপত্র না থাকার কারণে নির্ধারিত।

## XIII. বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যের খাবার লাভের আবেদন করতে ব্যর্থ পরিবারগুলির জন্য প্রশাসনিক বিশেষ ক্ষমতা

A. যখন পরিবারগুলি বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যের খাবারের জন্য আবেদন করতে ব্যর্থ হয়, তখর USDA-এর বিধি স্কুল অফিশিয়ালদেরকে প্রশাসনিক বিশেষ ক্ষমতা ব্যবহারের অনুমতি প্রদান করে এবং জানা কোন শিক্ষার্থী যে তার পরিবার আবেদন করলে যোগ্য হতো জন্য তার জন্য আবেদনপত্র পূরণ করতে পারে।

B. এই বিকল্পটি কাজে লাগাতে, একটি আবেদনপত্র অবশ্যই শিক্ষার্থীর পক্ষ হয়ে পূরণ করতে হবে যা পরিবার সম্পর্কিত সাইজ এবং তাদের আয়ের সর্বাধিক লভ্য তথ্যের ভিত্তির উপর নির্ভর। এই তথ্যের সূত্র অবশ্যই আবেদনপত্রে নোট করতে হবে। প্রশাসনিক এই বিশেষ ক্ষমতা অবশ্যই বিচক্ষণতার সাথে ব্যবহার করতে হবে এবং সেটি করা হবে পরিবারগুলিকে বারবার আবেদনের অনুরোধ জানানোর প্রচেষ্টা ব্যর্থ হবার পর। আগে পূরণকৃত আবেদনপত্র পাবার প্রচেষ্টার ডক্যুমেন্ট অবশ্যই রাখতে হবে এবং সেটি আবেদনপত্রে সংযুক্ত থাকে এবং উভয় দুটি তিন বছর এবং বর্তমান বছরের জন্য সংরক্ষিত থাকবে। শুধু শিক্ষার্থীর নাম, পরিবারের সাইজ, অনুমিত পারিবারিক আয়, এবং প্রশাসকের স্বাক্ষরের প্রয়োজন রয়েছে। পরিবার সদস্যদের নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর, এবং প্রাপ্তবয়স্ক পরিবার সদস্যের স্বাক্ষর নেবার দরকার নেই। পরিবারকে অবশ্যই শিক্ষার্থীর অনুমোদনের অবস্থা জানাতে হবে। এই আবেদনপত্রগুলি যাচাই প্রক্রিয়া থেকে বাদ দেয়া হবে। এই বিকল্পটি রয়েছে ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে সীমিত ব্যবহারের উদ্দেশ্যে এটি শিক্ষার্থীদের বিভিন্ন শ্রেণি অথবা গ্রুপের যোগ্যতা নির্ধারণে অবশ্যই ব্যবহৃত হবে না।

C. প্রশাসনিক বিশেষ ক্ষমতার যেকোন ব্যবহার আবেদনপত্রে অথবা আবেদনপত্রে সংযুক্ত মেমোরেন্ডামে অবশ্যই পর্যাপ্ত স্পষ্টভাবে বিস্তারিত বিবরণসহ রেকর্ডকৃত থাকতে হবে যা অনুমোদনের ভিত্তি এবং কারণ ব্যাখ্যা এবং পরিবারের সাইজ এবং আয় সম্পর্কিত তথ্যের সূত্রও দেবে। বাড়তি কোন বিশ্বস্ত তথ্য ব্যতিরেকে আগের বছরের স্কুল খাবারের আবেদনপত্র যেখানে পরিবারের সাইজ অথবা আয়, যাই হোক না কেন, যা পরিবর্তন হয়নি, সেটি প্রশাসনিক বিশেষ ক্ষমতার ন্যায্য ব্যবহারে অপর্যাপ্ত। প্রিন্সিপ্যালের নাম অথবা তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি যিনি প্রশাসনিক ক্ষমতার ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছেন তাকে অবশ্যই মেমোরেন্ডাম অথবা আবেদনপত্রে স্বাক্ষর এবং সেখানে নাম প্রিন্ট করতে হবে। প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির স্বাক্ষর অনুমোদনের ভিত্তি এবং কারণ, আবেদনপত্রে অথবা সংযুক্তিতে বর্ণিত পরিবারের সাইজ ও আয় সম্পর্কিত তথ্যের, এবং স্কুলের পূরণকৃত আবেদনপত্র (অথবা কোন আবেদনপত্রের উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য) পাওয়ার আগের ব্যর্থ প্রচেষ্টার সংরক্ষিত ডক্যুমেন্টেশনের সঠিকতার সার্টিফিকেশন প্রমাণ করে।

## XIV. আপিলের অধিকার

বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যে খাবার লাভের অননুমোদনের নোটিফিকেশন পরামর্শ প্রদান করে যে, সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য প্রিন্সিপ্যালের সাথে কোন কনফারেন্সের অনুরোধ করা যেতে পারে। এমন অনুরোধ হিয়ারিংয়ের অধিকারকে ক্ষুণ্ণ করবে না। কোন চূড়ান্ত সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত শিক্ষার্থীকে তার আগের যোগ্যতার অবস্থা অনুযায়ী খাবার প্রদান করতে হবে।

## XV. যোগ্যতার অননুমোদনের বিষয়ে আপিল প্রক্রিয়া

A. প্রিন্সিপ্যালের সাথে মিটিংয়ের পরেও যদি বিষয়টির সমাধান না হয়, সেক্ষেত্রে যোগ্যতার অননুমোদনের আপিল প্রক্রিয়া শুরু হয়। একটি আপিল শুরু হয় ফোন অথবা লেখার মাধ্যমে: ডিপার্টমেন্ট অভ এডুকেশন অভ দ্যা সিটি অভ নিউ ইয়র্ক, অফিস অভ স্কুলফুড, 44-36 Vernon Boulevard,
Room 403, Long Island City, NY 11101; telephone (718) 707-4300.

B. পিতামাতা/অভিভাবকের পক্ষে একজন অ্যাটর্নি অথবা তার কোন পছন্দের ব্যক্তি পিতামাতা/অভিভাবকের প্রতিনিধিত্ব করতে পারেন। একজন পিতামাতা/অভিভাবকের, হিয়ারিংয়ের আগে এবং হিয়ারিংয়ের সময়ে সুযোগ থাকবে যে সিদ্ধান্তের ব্যাপারে আপিল করা হয়েছে তার সমর্থনে বিভিন্ন ডক্যুমেন্ট এবং রেকর্ড পরীক্ষা করার। হিয়ারিং অনুষ্ঠিত হবে পিতামাতা/অভিভাবকের যৌক্তিক দ্রুততা এবং সুবিধা অনুযায়ী, এবং হিয়ারিংয়ের সময় এবং স্থান সম্পর্কে পর্যাপ্ত নোটিস দেয়া হবে। পিতামাতা/অভিভাবক তার মতামতের বিপক্ষে যেকোন বিপরীত সাক্ষ্য অথবা অন্য প্রমাণকে প্রশ্ন করার একটি সুযোগ লাভে মৌখিক অথবা ডক্যুমেন্টসহ প্রমাণ উপস্থাপন এবং যুক্তি দাঁড় করানোর সুযোগ পাবেন এবং যেকোন বিপরীত সাক্ষ্যের মুখোমুখি হবেন এবং জেরা করতে পারবেন।

C. হিয়ারিং পরিচালিত এবং সিদ্ধান্ত গ্রহণ করা হবে একজন হিয়ারিং অফিসিয়াল কর্তৃক যিনি মূল

সিদ্ধান্তে অথবা যেকোন আগের কনফারেন্সে অংশ নেননি। হিয়ারিং অফিশিয়ালের সিদ্ধান্ত অবশ্যই হিয়ারিং-এ উপস্থাপিত মৌখিক এবং প্রমাণের ভিত্তিতে হতে হবে। পিতামাতা/অভিভাবক এবং দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিকে, যদি কেউ থাকে, সিদ্ধান্তটি লিখিতভাবে জানানো হবে।

D. প্রতিটি হিয়ারিং বিষয়ে একটি লিখিত রেকর্ড প্রস্তুত করতে হবে, যার অন্তর্ভুক্ত থাকবে: আপিলের অধীনে সিদ্ধান্ত; যেকোন দালিলিক প্রমাণ এবং হিয়ারিংয়ে উপস্থাপিত যুক্তিসহ যেকোন মৌখিক সাক্ষ্যের সারাংশ; সেখানে প্রদত্ত যুক্তিসমেত হিয়ারিং অফিসারের সিদ্ধান্ত; এবং হিয়ারিং অফিসিয়ালের সিদ্ধান্তের বিষয়ে দুই পক্ষের কাছে প্রদত্ত নোটিফিকেশনের একটি কপি। প্রতিটি হিয়ারিংয়ের লিখিত রেকর্ড বর্তমান বছরের পরে তিন বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে এবং পিতামাতা/অভিভাবক অথবা প্রতিনিধি কর্তৃক ঐ সময়ের ভিতর যেকোন যৌক্তিক সময় এবং স্থানে পরীক্ষার জন্য লভ্য হবে।

## XVI. পরিবর্তন যা স্কুল বছরের মাঝে একজন শিক্ষার্থীর যোগ্যতার অবস্থাকে ক্ষতিগ্রস্ত করে

A. স্কুল বছরের শুরু অথবা প্রায় শুরুতে একজন পর্যালোচনাকারী অফিসিয়াল নিয়মিতভাবে পরিবারের জন্য বিনামূল্যে এবং হ্রাসকৃত-মূল্যে খাবারের যোগ্যতা নির্ধারণ করবে। বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যের খাবার লাভের সুবিধা একবার অনুমোদিত হলে, একটি পরিবার ঐ সুবিধার যোগ্য থাকবে পরবর্তী স্কুল বছরের প্রথম কার্যদিবস থেকে সর্বোচ্চ 30 দিনের জন্য অথবা পরবর্তী স্কুল বছরে যখন পর্যন্ত না একটি নতুন যোগ্যতা নির্ধারিত হয়, অর্থাৎ যেটি প্রথম আসে।

B. যখন প্রাথমিক যোগ্যতা নির্ধারণে ভুল হয় অথবা পরিবারের যোগ্যতার সুবিধা লাভের স্তর যাচাইকৃত পরিবারেরর জন্য অনুমোদিত সুবিধার স্তরে পৌঁছায় না তখন ঐ স্কুল বছরের জন্য যোগ্যতার সুবিধা প্রযোজ্য নয়।

C. পরিবারকে আর পরিস্থিতির পরিবর্তন রিপোর্ট করার বাধ্যবাধকতা নেই, যেমন আয়ের বৃদ্ধি, পরিবারের সাইজ ছোট হওয়ার বিষয়, অথবা যখন কোন পরিবার ফুড স্ট্যাম্প আথবা দরিদ্র পরিবারের জন্য অস্থায়ী সহায়তার ব্যবস্থা (TANF)।

## XVII. যোগ্যতার বদল

যদি কোন শিক্ষার্থী এক স্কুল থেকে DOE কর্তৃক আয়োজিত তার ব্রেকফাস্ট এবং লাঞ্চে অংশগ্রহণের প্রোগ্রাম অন্য স্কুলে ট্র্যান্সফার করে, গ্রহণকারী স্কুলকে তার বিনামূল্যে অথবা হ্রাসকৃত-মূল্যে সেই যোগ্যতার প্রতি সম্মান প্রদর্শন করতে হবে। স্কুল খাবারের আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফিকেশনের চিঠি অবশ্যই সকল ট্র্যান্সফারের সাথে যাবে। মিডল্ স্কুল বছরের মাঝে যেসব শিক্ষার্থী এক স্কুল থেকে অন্য স্কুলে প্রোমোশন অথবা ট্র্যান্সফার নেয় তাদের যোগ্যতার অবস্থার প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে। স্কুল খাবারের আবেদনপত্র অথবা সরাসরি সার্টিফিকেশনের চিঠির একটি কপি অবশ্যই সকল ট্র্যান্সফারের সাথে যাবে।

## XVIII. রেকর্ড সংরক্ষণ

A. সকল স্কুল খাবারের আবেদনপত্র এবং সরাসরি সার্টিফিকেশনের চিঠি অবশ্যই প্রিন্সিপ্যাল কর্তৃক

সংরক্ষিত থাকবে এবং যে আর্থিক বছরের জন্য তারা আবেদন করেছে সেই বছরের শেষ অর্থ পরিশোধের দাবি জমাদানের পর পরিদর্শনের উদ্দেশ্যে চার বছরের জন্য লভ্য হবে। একই সময়ের জন্য, প্রিন্সিপ্যাল অবশ্যই ফাইলে সকল রেকর্ডও রাখবেন, এর মধ্যে আছে আপিলের রেকর্ড এবং যদি অডিট কর্তৃক কোন বিষয়ের সমাধানের জন্য কোন প্রাপ্তবয়স্ক কর্তৃক ডক্যুমেন্টগুলি আবশ্যিক হয়, এবং, ঐসব স্কুল যারা ইউনিভার্সাল স্কুল খাবারের প্রোগ্রামে অংশ নিচ্ছে যা সম্প্রসারিত সময় চক্রের জন্য অনুমোদিত তাদের জন্য অবশ্যই দীর্ঘ সময়ের জন্য ডক্যুমেন্টগুলি সংরক্ষিত থাকবে।

B. ডক্যুমেন্টসমূহ হয় স্কুলে অথবা যোগ্য শিক্ষার্থীদের একটি তালিকাসহ স্কুলের কোন কেন্দ্রিয় স্থানে সংরক্ষিত থাকবে। যদি LEA কোন সেন্ট্রাল স্থানে ডক্যুমেন্টগুলি সংরক্ষণ করে, শিক্ষার্থীদের শ্রণিগত যোগ্যতার অবস্থা স্কুল কর্তৃক অবশ্যই তাৎক্ষণিকভাবে লভ্য হবে, এবং LEA-কে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, স্কুলের ভিতরে এবং বাইরে যেকোন পরিবর্তন এবং ট্র্যান্সফার অবশ্যই সঠিক এবং দ্রুতভাবে প্রতিটি স্কুল তালিকায় প্রতিফলিত হবে। এই প্রক্রিয়া অনলাইন অথবা স্ক্যানিং সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ করা সকল রেকর্ডের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## XIX. বৈষম্যহীনতার নিশ্চয়তা

A. কোন শিক্ষার্থী তার জাতি, বর্ণ, ধর্ম, ধর্ম-বিশ্বাস, জাতিগত পরিচয়, জাতীয়তার সূত্র, ভিন্নতা, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশভঙ্গি, যৌন অগ্রাধিকার, অথবা প্রতিবন্ধিতার কারণে DOE- এর স্কুল খাবারের প্রোগ্রাম পরিচালনায় বৈষম্যের শিকার হবে না। কোন শিক্ষার্থী তার খাবারের জন্য পূর্ণ মূল্য দিতে না পারার কারণে তার বিরুদ্ধে দৈহিক দূরত্ব তৈরি করা অথবা অন্য কোন বৈষম্য করা যাবে না। শিক্ষার্থীদেরকে তাদের খাবারের জন্য কাজ করতে হবে না।

B. বিনামূল্যের খাবার অথবা হ্রাসকৃত-মূল্যের খাবারের জন্য যোগ্য শিক্ষার্থীদের নামের তালিকা কোনভাবেই প্রকাশ, পোস্ট, অথবা ঘোষণা করা যাবে না। স্পেশাল টোকেন অথবা টিকেট অথবা অন্য যেকোন উপায়ের মাধ্যমে এইসব শ্রেণির কোন শিক্ষার্থীর পরিচয় উন্মোচন করা যাবে না, যেমন: ভিন্ন লাঞ্চরুম; ভিন্ন পরিবেশনের লাইন; ভিন্ন প্রবেশপথ; ভিন্ন খাবারের সময়; অথবা লাঞ্চ এবং/অথবা ব্রেকফাস্ট যা পূর্ণ মূল্যে কেনা খাবার অথবা দুধ থেকে ভিন্ন।

C. যেসব শিক্ষার্থী পূর্ণ মূল্যে খাবার কেনে এবং যারা হ্রাসকৃত মূল্যে খাবার কেনে তাদের কাছ থেকে অর্থ সংগ্রহের সময়, স্কুলগুলিকে অবশ্যই এমন সংগ্রহের প্রক্রিয়া ব্যবহার করতে হবে যাতে এটি নিশ্চিত করা যায় যে স্কুলের অন্য শিক্ষার্থীরা যেন চিনতে না পারে কারা বিনামূল্যে ব্রেকফাস্ট/লাঞ্চ পাচ্ছে, কারা হ্রাসকৃত-মূল্যে পাচ্ছে অথবা কারা পূর্ণ মূল্য দিয়ে খাবার কিনছে।

## XX. স্কুলের বিকল্প এবং স্পেশাল প্রোগ্রামসমূহ

বিকল্প অথবা স্পেশাল প্রোগ্রাম এবং অনুষ্ঠানের জন্য, কিছু স্কুল অন্য স্কুলে ভর্তি শিক্ষার্থীদের আমন্ত্রণ করে। এইসব আমন্ত্রণকারী স্কুলগুলিতে যখন আমন্ত্রিত শিক্ষার্থীরা অংশ নেয়, তখন ঐসব শিক্ষার্থীকে তাদের যোগ্যতার অবস্থার ডক্যুমেন্ট অনুযায়ী খাবার প্রদান করা হবে। আমন্ত্রণকারী স্কুল এই প্রক্রিয়া মেনে চলছে

সেবিষয়টি নিশ্চিত করতে, এটি আবশ্যিক যে আমন্ত্রকারী শিক্ষার্থীর খাবার লাভের যোগ্যতা ATS এবং NPSIS দেখে নির্ধারণ করা হোক অথবা আমন্ত্রিত শিক্ষার্থীদের নিজেদের স্কুল থেকে যোগ্যতার অবস্থার নামসহ একটি তালিকা চেয়ে নেয়া হোক।

## XXI. খাবার প্রত্যাখান

আইন এবং বিধি-বিধান অনুযায়ী, কোন শিক্ষার্থীকে শৃঙ্খলাভঙ্গের কারণে খাবার প্রত্যাখান করা যাবে না।

## XXII. বিধান মেনে চলা: পরিবেশিত এবং দাবি-করা খাবারের অর্থ পরিশোধ

A. শিক্ষার্থীদেরকে বিনামূল্যে এবং হ্রাসকৃত-মূল্যে খাবার পরিবেশনের জন্য স্কুল সিস্টেমকে যথাযথ অর্থ পরিশোধ নিশ্চিত করতে এই প্রবিধানসমূহ অবশ্যই মেনে চলতে হবে।

B. কমপিউটার মানানসই, যোগ্য স্কুল খাবারের আবেদন, এবং ফাইলে সরাসরি সার্টিফিকেশন চিঠির মাধ্যমে যোগ্য শিক্ষার্থী সংখ্যার অধিক শিক্ষার্থীকে বিনামূল্যে এবং/অথবা হ্রাসকৃত-মূল্যে খাবার পরিবেশনের কারণে যেকোন অর্থ পরিশোধ প্রত্যাখানের সমাধান এক্সিকিউটিভ ডিরেক্টর অভ ইন্টিগ্রেটেড সার্ভিস সেন্টারে (ISC) করা হবে।

C. প্রিন্সিপ্যালগণ অবশ্যই এই বিষয়টি নিশ্চিত করতে একটি সক্রিয় ভূমিকা গ্রহণ করবে যাতে সকল যোগ্য শিক্ষার্থীদের পূরণকৃত স্কুল খাবারের আবেদন এবং সরাসরি সার্টিফিকেশনের চিঠিগুলি সঠিকভাবে পর্যালোচনা করা হয় এবং ফাইলে সংরক্ষিত থাকে যেখানে সার্টিফিকেশন প্রক্রিয়াটি স্কুল স্তরে করা হয়। ISC-গুলি খাদ্যপরিষেবায় ব্যবহৃত চূড়ান্ত ড্যাটা নিশ্চিত করতে এইসব গাইডলাইন বলবৎসহ সহায়তা করবে এবং অন্য অর্থায়িত প্রোগ্রামগুলি যাতে স্কুল স্তরে ফাইলে সংরক্ষিত ডক্যুমেন্টেশনের শর্ত দ্বারা সহায়তাপ্রাপ্ত হয় সেটিও দেখবে।

## XXIII. যাচাইকরণ

বিনামূল্যে এবং হ্রাসকৃত-মূল্যে খাবার লাভের যোগ্যতা নিশ্চিত করা হয় বিভিন্ন সূত্র যাচাইয়ের মাধ্যমে যেমন লিখিত প্রমাণ, বেতনের বিবরণযুক্ত পে স্টাব, এবং সমান্তরাল চুক্তি। স্কুল কর্তৃক অথবা অনলাইন আবেদন অথবা স্ক্যানিং প্রক্রিয়ার মাধ্যমে স্কুল খাবারের আবেদনপত্র অনুমোদন পর্যালোচনা সম্পূর্ণ হবার পর ফেডারেল বিধি অনুযায়ী প্রতিবছর একটি যাচাই প্রক্রিয়া বাস্তবায়ন হবে। প্রিন্সিপ্যালগণকে যাচাই প্রক্রিয়ার ফলাফল জানানো হবে। যোগ্যতার পরিবর্তন যা বাড়তি সুবিধার স্তরে নিয়ে যায় সেটি যথাশীঘ্র করা হবে, কিন্তু তা একজন শিক্ষার্থীর যোগ্যতার চূড়ান্ত সিদ্ধান্ত যেই তারিখে নেয়া হয় তার তিন কার্যদিবসের পরে নয়। যোগ্যতার পরিবর্তন যা সুবিধার স্তরকে নিচু করে সেটি করা হবে, একজন শিক্ষার্থীর যোগ্যতার চূড়ান্ত সিদ্ধান্ত যেই তারিখে নেয়া হয় তার দশ কার্যদিবসের মধ্যে।

## XXIV. অনুসন্ধান

যাচাই প্রক্রিয়া থেকে উদ্ভূত এই সিদ্ধান্ত বিষয়ের যেকোন প্রশ্নের উত্তরের জন্য নিচের ঠিকানায় যোগাযোগ করুন:

অফিস অভ স্কুলফুড

N.Y.C. Department of Education

44-36 Vernon Boulevard

Long Island City, NY 11101

ফোন:

718-707-4371

ফ্যাক্স:

718-433-0186

অনলাইন এবং স্ক্যানিং প্রক্রিয়া নির্ধারিত যোগ্যতার অনুসন্ধান অথবা এই প্রবিধান সম্পর্কিত যেকোন বিষয়ের প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

অফিস অভ স্কুলফুড

কমপ্লায়েন্স অ্যান্ড মনিটরিং ইউনিট

N.Y.C. Department of Education

44-36 Vernon Boulevard

Long Island City, NY 11101

ফোন:

718-707-4471

ফ্যাক্স:

718-349-5463